

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা-৫
www.rcd.gov.bd

স্মারক নং-৪৭.৬৬.০০০০.০৪১.১৪.০০৯.১৭-৭৩

তারিখঃ -----।
০৯-০৮-১৪২৪ বঙ্গাব্দ
২৩-১১-২০১৭ খ্রিস্টাব্দ


বিষয়ঃ বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহারের অনুমতি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন পিডিবিএফ কর্তৃক বাস্তবায়নাধীন “দারিদ্র্য দূরীকরণ ও আত্ম-কর্মসংস্থান সৃষ্টির জন্য পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)এর কার্যক্রম সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পের আওতায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর নেতৃত্বে ১১ সদস্য বিশিষ্ট একটি দল আগামী ২৫-১১-২০১৭ হতে ০২-১২-২০১৭ পর্যন্ত সময়ে ভিয়েতনামে অনুষ্ঠিতব্য শিক্ষা সফরে অংশগ্রহণের উদ্দেশ্যে আগামী ২৪ নভেম্বর, ২০১৭ তারিখ শুক্রবার সিঙ্গাপুর এয়ারলাইন্স-এর ফ্লাইট নং SQ447 যোগে রাত ১১.৫৫ ঘটিকায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর হতে ভিয়েতনামের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং আগামী ০২ ডিসেম্বর, ২০১৭ তারিখ শনিবার ফ্লাইট নং SQ446 যোগে রাত ১০.০০ ঘটিকায় ঢাকা প্রত্যাবর্তন করবেন। উক্ত সফরদলে এ বিভাগের যুগ্ম সচিব এম. এম আবু তাহের এবং যুগ্ম সচিব মোঃ আবদুছ ছবুর চৌধুরীসহ অন্যান্য কর্মকর্তা রয়েছেন (সরকারী আদেশের কপি সংযুক্ত)। উল্লিখিত সময়ে তাঁরা বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহার করবেন।

০২। উল্লেখ্য, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের লিঁয়াজো অফিসার জনাব মোঃ এনামুল হক বর্ণিত কর্মকর্তাদের প্রটোকলের দায়িত্ব পালন করবেন।

০৩। এমতাবস্থায়, আগামী ২৪ নভেম্বর ও ০২ ডিসেম্বর, ২০১৭ তারিখে বর্ণিত কর্মকর্তাদের-কে বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহারের অনুমতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তঃ বর্ণনামতে


মোঃ আব্দুল কাদের

সহকারী প্রধান

ফোনঃ ৯৫৬৫০১৮

e-mail: kader_eshah@rocketmail.com

পরিচালক

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর
ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। জনাব এস. এম আবু তাহের, যুগ্ম সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জনাব মোঃ আবদুছ ছবুর চৌধুরী, যুগ্ম সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিষ্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি এ বিভাগের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ জানানো হলো)।
- ৭। প্রকল্প পরিচালক, দারিদ্র্য দূরীকরণ ও আত্ম-কর্মসংস্থান সৃষ্টির জন্য পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)এর কার্যক্রম সম্প্রসারণ শীর্ষক প্রকল্প।
- ৮। অতিরিক্ত সচিব(প্রশাসন/ পরিকল্পনা ও উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
- ৯। জনাব মোঃ এনামুল হক, লিঁয়াজো অফিসার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।